# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫২৫

১৭. যুদ্ধাভিযান অধ্যায় (كتاب السير)

পরিচ্ছেদঃ ৪৬. তাঁর বাণীঃ 'সুঁই ও সুতা - সবই তোমরা গনীমতের মালের মধ্যে জমা দাও'-এ সম্পর্কে যা বর্ণিত হয়েছে

بَاب مَا جَاءَ أَنَّهُ قَالَ أَدُّوا الْخِيَاطَ وَالْمَخِيطَ

## আরবী

وَبِهَذَا الْإِسْنَادِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَقُولُ أَدُّوا الْخِيَاطَ وَالْمَخِيطَ وَإِيَّاكُمْ وَالْغُلُولَ فَإِنَّهُ عَارٌ عَلَى أَهْلِهِ يَوْمَ الْقِيَامَةِ

## বাংলা

২৫২৫. উবাদা ইবনুস সামিত রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, (হুনায়নের যুদ্ধের দিন) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ “(হে লোকসকল! তোমাদের গনীমতের মালের) সুঁই ও সুতা - সবই তোমরা গনীমতের মালের মধ্যে জমা দাও। আর (গনীমতের মাল) আত্মসাৎ করা হতে আত্মরক্ষা করো। কেননা, কিয়ামতের দিন তা আত্মসাৎকারীর জন্য লজ্জা-অপমানের কারণ হবে।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: এটি পূর্বের হাদীসটির অংশবিশেষ। এছাড়াও, বুখারী, কাবীর ৮/৫৭ তালিক হিসেবে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উবাদা ইব্‌নুস সামিত (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82808

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন